

বাংলা ট্রিবিউন

ইউআইইউ আন্তঃকলেজ ফুটবলে চ্যাম্পিয়ন ধানমন্ডি আইডিয়াল কলেজ

বাংলা ট্রিবিউন রিপোর্ট

প্রকাশিত: ২১:২০, অক্টোবর ১৫, ২০১৮ | সর্বশেষ আপডেট: ২১:৩৩, অক্টোবর ১৫, ২০১৮



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) আন্তঃকলেজ ফুটবলের প্রথম আসরে চ্যাম্পিয়ন হয়েছে ধানমন্ডি আইডিয়াল কলেজ। রবিবার ফাইনালে তারা হারিয়েছে সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে।

বাড়ায় ইউআইইউ'র খেলার মাঠে ৩-০ গোলে সেন্ট জোসেফকে হারায় আইডিয়াল। চ্যাম্পিয়ন দল ট্রফি ছাড়াও পেয়েছে এক লাখ টাকা ও রানার্স আপ পায় ৫০ হাজার টাকা।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউআইইউ'র ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, বিশেষ অতিথি ছিলেন সাইফ স্পোর্টিং ক্লাবের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী নাসিরুদ্দিন চৌধুরী।

ইউআইইউ ডিরেক্টর অব স্টুডেন্ট অ্যাফেয়ার্স আয়োজিত এই টুর্নামেন্টে রাজধানীর ১০টি কলেজ অংশ নেয়।

Google বিজ্ঞাপনটিকে বন্ধ করেছে

অ্যাড্ দেখা বন্ধ করুন

এই বিজ্ঞাপনটি কেন? ①

এফএইচএম/

***বাংলা ট্রিবিউনে প্রকাশিত কোনও সংবাদ, কলাম, তথ্য, ছবি, কপিরাইট আইনে পূর্বনুমতি ছাড়া ব্যবহার দণ্ডনীয় অপরাধ। অনুমতি ছাড়া ব্যবহার করলে কর্তৃপক্ষ আইনি ব্যবস্থা গ্রহণ করবে। (Unauthorized use of news, image, information, etc published by Bangla Tribune is punishable by copyright law. Appropriate legal steps will be taken by the management against any person or body that infringes those laws.)